

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৯৪৬

আগরতলা, ২০ নভেম্বর, ২০১৮

পানীয় জলের পাইপলাইন দ্রুত মেরামত  
করতে মুখ্যমন্ত্রীর নির্দেশ

রাজ্যের জনগণের কাছে পরিশ্রুত বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দেওয়ার জন্য রাজ্য সরকার বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে। খুব শীঘ্রই রাজ্যের প্রতিটি ঘরে বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দেওয়ার জন্য একটি নতুন প্রকল্পের সূচনা হতে যাচ্ছে। আজ সচিবালয়ের ১নং সভাকক্ষে পানীয় জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের এক পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব একথা বলেন। মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের সভাপতিত্বে অনুষ্ঠিত এদিনের সভায় উপমুখ্যমন্ত্রী যীষু দেববর্মাও উপস্থিত ছিলেন।

মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সৌভাগ্য যোজনার মাধ্যমে প্রতিটি ঘরে বিনামূল্যে বিদ্যুৎ সংযোগ দেওয়ার ব্যবস্থা করেছেন। তেমনি রাজ্য সরকারও মানুষের কাছে বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দিতে উদ্যোগী হয়েছেন। এজন্য পানীয় জল ও স্বাস্থ্যবিধান দপ্তরকে নির্দিষ্ট লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করার নির্দেশ দেন। তিনি বলেন, যেখানে যেখানে পানীয় জল সরবরাহের পাইপলাইন সংস্কার প্রয়োজন সেগুলি চিহ্নিত করে অতি দ্রুত এগুলি সংস্কার করতে হবে। এক্ষেত্রে দপ্তরের একটি বিশেষ টিম গঠন করে জরুরি ভিত্তিতে সংস্কারের কাজ সম্পন্ন করতে মুখ্যমন্ত্রী নির্দেশ দেন।

সভায় দপ্তরের স্মল বোর টিউবওয়েল সম্পর্কে আলোচনা করতে গিয়ে পানীয় জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের প্রধান সচিব মনোজ কুমার তথ্য দিয়ে জানান, রাজ্যে বর্তমানে ৩৪১০টি স্মল বোর টিউবওয়েল রয়েছে। এই টিউবওয়েলগুলি সাধারণত গ্রামীণ ব্যবহারকারীদের কমিটির মাধ্যমে পরিচালনা করা হয়। কিন্তু ব্যবহারকারী কমিটি কর্তৃক এ সংক্রান্ত বিদ্যুৎ বিল নির্দিষ্ট সময়ে জমা না দেওয়ার ফলে বহুক্ষেত্রেই টিউবওয়েলগুলি অচল অবস্থায় রয়েছে। এই অচল টিউবওয়েলগুলিকে পুনরায় ব্যবহারযোগ্য করার বিষয়ে এদিনের সভায় বিশেষ গুরুত্ব দেওয়া হয়। এই স্মল বোর টিউবওয়েলগুলি পরিচালনা করার ক্ষেত্রে নিজ নিজ পঞ্চায়েতকে দায়িত্ব দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয় এদিনের সভায়। এদিনের সভায় এছাড়াও উপস্থিত ছিলেন মুখ্যসচিব এল কে গুপ্তা, মুখ্যমন্ত্রীর প্রধান সচিব কুমার অলক, গ্রামোন্নয়ন দপ্তরের প্রধান সচিব বি কে সাহু, পানীয় জল স্বাস্থ্যবিধান দপ্তরের মুখ্য বাস্তুকার সোমেশ চন্দ্র দাস, কার্যনির্বাহী বাস্তুকার সীতাংশু চক্রবর্তী এবং অন্যান্য বাস্তুকার ও আধিকারিকগণ।

\*\*\*\*\*